

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯২১

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৬

পদ্মশ্রী সম্মানে মনোনীত নরেশ চন্দ্র

দেববর্মাকে মুখ্যমন্ত্রীর অভিনন্দন

রাজ্যের সাহিত্যের ক্ষেত্রে স্বনামধন্য ব্যক্তিত্ব নরেশ চন্দ্র দেববর্মাকে ভারত সরকার কর্তৃক ‘পদ্মশ্রী’ সম্মানের জন্য মনোনীত করায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাঁকে অভিনন্দন জানিয়েছেন। অভিনন্দন বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, সাহিত্যের ক্ষেত্রে তাঁর অবদান অবিস্মরণীয়। জাতীয় স্তরে তাঁর এই সম্মাননা নিশ্চিতভাবেই আমাদের রাজ্যের গৌরবকে আরও উজ্জ্বল করেছে। তাঁর এই কৃতিত্ব বর্তমান ও আগামী প্রজন্মের কাছে এক বিশেষ অনুপ্রেরণা হয়ে থাকবে। ২০২৪ সালে রাজ্য সরকার ককবরক ভাষা সাহিত্য ও শিক্ষার ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে ত্রিপুরাভূষণ সম্মানে ভূষিত করেছিল।
